



ইনকিলাব : বাংলাদেশ শিক্ষক সমিতির (বান) উদ্যোগে গড়কাল (বুধবার) জাতীয় প্রেস ক্লাবের ভিআইপি লাউঞ্জে আয়োজিত 'একমুখী শিক্ষা ব্যবস্থায় শিক্ষকদের করণীয়' সেমিনারে প্রধান অতিথির বক্তব্য রাখেন শিক্ষা প্রতিমন্ত্রী আন ম এহসানুল হক মিলন

সেমিনারে শিক্ষা প্রতিমন্ত্রী একমুখী শিক্ষা প্রবর্তিত হলে আগামী প্রজন্ম যোগ্য ও কর্মক্ষম নাগরিক হিসেবে গড়ে উঠবে

স্টাফ রিপোর্টার : শিক্ষা প্রতিমন্ত্রী আন ম এহসানুল হক মিলন বলেছেন, শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক মূল্যায়নের একমুখী শিক্ষা ব্যবস্থা প্রবর্তন অনেক বিলম্ব হয়ে গেছে। এজন্য জাতিগতভাবে আমাদেরকে দুঃখ প্রকাশ অথবা অনুশোচনা করা দরকার। তিনি বলেন, বর্তমানে সরকারের একমুখী শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের উদ্যোগ একটি ঐতিহাসিক উদ্যোগ। নতুন শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের ফলে আগামী প্রজন্ম মৌলিক স্কল জ্ঞান অর্জন করে যোগ্য ও কর্মক্ষম নাগরিক হিসেবে গড়ে উঠবে।

বাংলাদেশ শিক্ষক সমিতির উদ্যোগে সমিতির সভাপতি মোঃ আবুল বাশারের সভাপতিত্বে গড়কাল (বুধবার) বিকেলে জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে আয়োজিত 'একমুখী শিক্ষা ব্যবস্থায় শিক্ষকদের করণীয়' শীর্ষক সেমিনারে তিনি প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন।

সেমিনারে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সমিতির মহাসচিব নজরুল ইসলাম রনি, সভাপতি আবুল বাশার হাওলাদার, দৈনিক দিনকালের বার্তা

সম্পাদক আমিরুল ইসলাম কাগজী এবং জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান ডঃ গাজী মোঃ আহসানুল করিম। মোঃ আবুল বাশার হাওলাদারের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সমিতির মহাসচিব নজরুল ইসলাম রনি। অনুষ্ঠানটি পরিচালনা করেন দক্ষতার সচিব মোঃ রফিকুল ইসলাম। সভায় শিক্ষক সমিতির প্রেসিডিয়াম সদস্য ও কেন্দ্রীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, একমুখী শিক্ষা হঠাৎ করে চালু করা হয়নি। ২০০২ সাল থেকেই এ বিষয়ে সমীক্ষা করা হয়েছে। ৯টি আঞ্চলিক এবং ৫টি পাকিস্তান দেশের অভিজ্ঞতা এবং তাদের গৃহীত ব্যবস্থার ব্যাপক পর্যালোচনা করা হয়েছে। একমুখী শিক্ষার উপযোগী করে পাঠ্যপুস্তক প্রণয়ন করা হয়েছে। নথর বস্তু সে মোতাবেক সংস্কার করা হয়েছে।

তিনি বলেন, এ পদ্ধতি চালুর পূর্বে পাইলট প্রকল্প হিসেবে দেশের বিভিন্ন উপজেলায় এ পদ্ধতির প্রয়োগ করা হয়। এজন্য জাতীয়ভাবে বিশেষজ্ঞ পর্যায়ে ব্যাপক পর্যালোচনাও করা হয়েছে।

ডঃ গাজী মোহাম্মদ আহসানুল কবীর বলেন, বহুমুখী শিক্ষা ব্যবস্থায় ৮ম শ্রেণী পাস একটি ছেলেকে তার ভবিষ্যৎ লেখাপড়ার পথ বেছে নিতে হয়, যা অবান্তর। তাছাড়া বর্তমান শিক্ষা ব্যবস্থার মান উন্নত দেশসমূহে গ্রহণযোগ্য বলে বিবেচিত হয় না। নতুন পদ্ধতিতে বর্তমান স্কল ধারার শিক্ষার জ্ঞান অর্জন প্রতিটি ছাত্রের জন্যই সম্ভব